

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

প্রধান প্রকৌশলী(পুর), মনিটরিং এর দপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা- ১০০০।
ফোনঃ ৫৭১৬৪৩৪১; ফ্যাক্সঃ ৯৫৫১৫৭৮
ই-মেইলঃ cmonitoring@yahoo.com
ce.monitoring@bwdb.gov.bd




স্মারক নং- ৪২.০১.০০০০.০০৭.১১.০২.২০-২৩৭

তারিখঃ ১৭/০৮/২০২০ খ্রিঃ

সার্কুলার

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন প্রকল্পসমূহ বাস্তবায়ন ও পরিবীক্ষণ কাজ সহজীকরণ এবং স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত “Scheme Information Management System (SIMS)” শীর্ষক ওয়েব-বেজড সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে বাপাউবো’র সকল জোন ও ঢাকাস্থ প্রকল্প ব্যবস্থাপনা দপ্তরসমূহের (বৈদেশিক ঋণ সহায়তাপুষ্টি ও বিশেষ প্রকল্পসমূহ) কর্মকর্তাদের এতদসংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এহেন প্রেক্ষাপটে আগামী ২৬/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিতব্য পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক এডিপি পর্যালোচনা সভাতে মূল কার্যপত্রের পাশাপাশি পরীক্ষামূলকভাবে SIMS সফটওয়্যার হতে কার্যপত্র প্রণয়নের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। আগামী সেপ্টেম্বর, ২০২০ মাস হতে কেবলমাত্র SIMS সফটওয়্যার হতে কার্যপত্র প্রণয়ন করা হবে। এমতাবস্থায়, বাপাউবো’র মাঠ পর্যায়ের সকল জোন/সার্কেল/বিভাগের প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী এবং বৈদেশিক ঋণ সহায়তাপুষ্টি ও বিশেষ প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকগণকে আগামী ১৯/০৮/২০২০ তারিখ পর্যন্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির সকল তথ্য ২২/০৮/২০২০ তারিখের মধ্যে SIMS সফটওয়্যারে হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। তৎপরবর্তী সময়ে SIMS সফটওয়্যারে নিয়মিতভাবে তথ্য হালনাগাদ রাখতে হবে যেন যে কোন সময় SIMS সফটওয়্যারের হালনাগাদকৃত তথ্য-উপাত্ত দ্বারা মন্ত্রণালয় এবং বোর্ড পর্যায়ে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা এবং সে প্রেক্ষিতে প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও সিদ্ধান্ত প্রদান সম্ভব হয়।

বিষয়টি অতীব জরুরি। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় সম্মতিক্রমে সার্কুলারটি জারি করা হলো।


১৭/০৮/২০২০

(কাজী তোফায়েল হোসেন)
প্রধান প্রকৌশলী (পুর)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১-৫। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব/ পশ্চিম/ পরিকল্পনা/ প্রশাসন/ অর্থ), বাপাউবো, ঢাকা।
- ৬-১৪। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তরাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল, বাপাউবো, ঢাকা/ কুমিল্লা/ সিলেট/ চট্টগ্রাম/ রংপুর/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা/ বরিশাল।
- ১৫। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ১৬-২৫। প্রকল্প পরিচালক, CEIP-1/ BWCSR/ SHISEWS/ FRERMIP/ IMIP-MIP/ SWAIWRPMP-AF/ HFMLIP/ CDSP-AF/ ডেজার ক্রয়/ সীমান্ত নদী-২/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)/ জলযান ক্রয়, বাপাউবো, ঢাকা।
- ২৬-২৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-১/২/৩, বাপাউবো, ঢাকা।
- ২৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৩০। সকল পওর/পানি উন্নয়ন সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ।
- ৩১। সকল পওর/পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ।
- ৩২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। সার্কুলারটি বাপাউবো’র ওয়েবসাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।
- ৩৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।